# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
### Bengali Text Bulletin

**Date 02-11-2025 Time: 1.30 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১)বিহারে নির্বাচনী প্রচার তুঙ্গে উঠেছে। বিজেপির তারকা প্রচারক প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, কংগ্রেসের পক্ষে রাহুল গান্ধী, আরজেডির তেজস্বী যাদব প্রমুখ আজ বিভিন্ন রোড শো ও জনসভায় অংশ নেবেন।

২) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু উত্তরাখণ্ডে এক অনুষ্ঠানে বলেছেন, ২০৪৭-এর মধ্যে বিকশিত ভারত গঠনের মহিলাদের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ।

৩) ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরো, আজ বিকেলে দেশের সবচেয়ে ভারি যোগাযোগ উপগ্রহ CMS-03 উৎক্ষেপন করবে।

৪) কানাডা সরকার, টরেন্টোয় ভারতীয় দূতাবাসের বাইরে কয়েকজন খালিস্তানি উগ্রপন্থীর বিক্ষোভ প্রদর্শনের ঘটনার কড়া নিন্দা করেছে।

৫) নভি মুম্বইয়ে মহিলা ক্রিকেট বিশ্বকাপের ফাইনালে ভারত আজ দক্ষিণ আফ্রিকার মুখোমুখি হবে।

৬) হোবার্টে ভারত ও অস্ট্রেলিয়ার পুরুষদের টি টোয়েন্টি ক্রিকেট ম্যাচ আর কিছুক্ষণের মধ্যে শুরু হবে।

oooooooooooooooooooooo

বিহার বিধানসভা নির্বাচনের শেষ পর্যায়ে প্রচার চলছে জোরকদমে। বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ জনসভা এবং রালিতে অংশ নিচ্ছেন। বিজেপি নেতা এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিহারের আরা এবং নওদাতে দুটি জনসভা করবেন। এর পরে আজ বিকেলে পাটনা পৌঁছে তিনি রাষ্ট্রকবি রামধারি সিং দীনকরের প্রতিকৃতিতে মাল্যদান করে এনডিএ-র প্রার্থীর সমর্থনে রোড শো করবেন।কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের মুজফ্ফরপুর এবং বৈশালীতে দুটি জনসভার কর্মসূচী রয়েছে।

এদিকে কংগ্রেস নেতা রাহুল গান্ধী বেগুসরাই এবং খাগাড়িয়াতে মহাজোট প্রার্থীর সমর্থনে প্রচারে অংশ নেবেন।মহাজোটের মুখ্যমন্ত্রী পদপ্রার্থী তেজস্বী যাদব মুঙ্গের, পাটনা, বৈশালী এবং সরনে একাধিক জনসভা করবেন।

পাটনা জেলার মোকামায় নির্বাচন সংক্রান্ত হিংসাত্মক ঘটনায় পুলিশ তিনজনকে গ্রেপ্তার করেছে। এদের মধ্যে জনতা দল ইউনাইটেড প্রার্থী অনন্ত সিং-ও রয়েছেন। উল্লেখ্য, ওই ঘটনায় জন সূরজ পার্টির এক সমর্থক নিহত হয়েছিলেন। নির্বাচন কমিশন এই হত্যাকাণ্ডের পরিপ্রেক্ষিতে পাটনা গ্রামীণের পুলিশ সুপারকে তাঁর পদ থেকে সরিয়ে দিয়েছে। একজন এসডিপিও-কে সাসপেন্ড করা হয়েছে, সরিয়ে দেওয়া হয়েছে অন্য এক এসডিপিওকেও। এর পাশাপাশি মহকুমা শাসককেও তাঁর পদ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooo

জনতা দল ইউনাইটেড এর সর্বভারতীয় সভাপতি এবং মুখ্যমন্ত্রী নীতিশ কুমার মুঙ্গের জেলার তারাপুরে নির্বাচনী সভায় আজ ভাষণ দেন। তিনি বলেন, পরিবার বাদের রাজনীতিতে বিশ্বাসী রাষ্ট্রীয় জনতা দল ,কখনোই রাজ্যের উন্নয়ন নিশ্চিত করতে পারবে না। মহাজোটের নির্বাচনী ইশতেহার কে বিভ্রান্তিকর বলে তিনি উল্লেখ করেন।

অন্যদিকে কংগ্রেস নেতা এবং রাজস্থানের প্রাক্তন উপমুখ্যমন্ত্রী শচীন পাইলট পাটনায় বলেছেন, মুখ্যমন্ত্রী নীতিশ কুমার কুড়ি বছর যাবৎ রাজ্যের ক্ষমতায় রয়েছেন এবং রাজ্যের বেহাল অর্থনৈতিক অবস্থার জন্য সম্পূর্ণ দায়ী এনডিএ। তিনি বলেন, ক্ষমতায় আসলে মহাজোট তাদের নির্বাচনী ইশতেহারের প্রতিশ্রুতি অক্ষরে অক্ষরে পালন করতে প্রতিশ্রুতবদ্ধ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

২০৪৭-এর মধ্যে বিকশিত ভারত গঠনের মহিলাদের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু মত প্রকাশ করেছেন। উত্তরাখন্ডের হরিদ্বারের পতঞ্জলী বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে আজ তিনি বলেন, মেয়েরা শিক্ষিত হলেই দেশের উন্নয়নের গতি ত্বরান্বিত হয়। ব্যক্তি চরিত্র থেকে পরিবার এবং তা থেকে রাষ্ট্র নির্মাণে এই বিশ্ববিদ্যালয়ের ভূমিকার কথা রাষ্ট্রপতি তুলে ধরেন।

(বাইট – রাষ্ট্রপতি)

অনুষ্ঠানে শ্রীমতী মুর্মূ দেশে আয়ুর্বেদ সহ প্রাচীন চিকিৎসা পদ্ধতির মাহাত্মের কথা উল্লেখ করেন।

(বাইট – রাষ্ট্রপতি)

তিনদিনের সফরে আজ সকালে দেরাদুনের জলি গ্র্যান্ট বিমানবন্দরে পৌঁছন রাষ্ট্রপতি। তাঁকে স্বাগত জানান রাজ্যপাল লেফটেন্যান্ট জেনারেল গুরমীত সিং এবং মুখ্যমন্ত্রী পুস্কর সিং ধামি। এরপর শ্রীমতি মুর্মু দেরাদুনে পৌঁছে রাজপুর রোডের ওপর একটি পদাতিক উড়ালপুলের উদ্বোধন করবেন। পরে তিনি রাষ্ট্রপতি নিকেতনে আন্তর্জাতিক সাহিত্য, সংস্কৃতি এবং কলা উৎসবে যোগদানকারী প্রতিনিধিদের সঙ্গে মিলিত হবেন।

আগামীকাল শ্রীমতি মুর্মু দেরাদুনের উত্তরাখন্ড বিধানসভার বিশেষ অধিবেশনে ভাষণ দেবেন। তিনি নৈনিতাল রাজভবনে ১২৫ তম বর্ষপূর্তি অনুষ্ঠানেও থাকবেন। আগামী চৌঠা নভেম্বর রাষ্ট্রপতি কাঞ্চিধামের নিম করোলী বাবা আশ্রমে যাবেন। এরপর তিনি নৈনিতালের কুমায়ুন বিশ্ববিদ্যালয়ের বিশতম সমাবর্তনেও উপস্থিত থাকবেন।

oooooooooooooooooooooooo

ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরো, আজ বিকেল ৫ টা ২৬ মিনিটে দেশের সবচেয়ে ভারি যোগাযোগ উপগ্রহ CMS-03 উৎক্ষেপন করবে। অন্ধ্রপ্রদেশের শ্রীহরিকোটার সতীশ ধাওয়ান মহাকাশ কেন্দ্র থেকে এই উৎক্ষেপন করা হবে। CMS-03 হল মাল্টিব্যান্ড সামরিক যোগাযোগ উপগ্রহ। এর অপর নাম জি স্যাট – সেভেন আর। দেশের সবচেয়ে শক্তিশালী রকেট লঞ্চ ভেহিকেল মার্ক থ্রি – LVM3-র মাধ্যমে এই উপগ্রহটিকে মহাকাশে পাঠানো হবে। ভারতীয় স্থলভাগ সহ বিস্তৃত মহাসাগরীয় অঞ্চলে বিশেষ করে নৌবাহিনীর জন্য সংযোগ ব্যবস্থা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করবে।

LVM3 রকেট হল ভারতের সবচেয়ে ভারি উৎক্ষেপণ যান এবং মহাকাশে চার হাজার কেজি পর্যন্ত ওজন বহন করতে পারবে।

oooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল নতুন দিল্লিতে ইমার্জিং সায়েন্স অ্যান্ড টেকনলজি ইনোভেশন কনক্লেভ (ESTIC) 2025-এর উদ্বোধন করবেন। এই অনুষ্ঠানে তিনি ১ লক্ষ কোটি টাকার গবেষণা ,উন্নয়ন ও উদ্ভাবন প্রকল্প তহবিলের সূচনা করবেন। দেশের গবেষণার বাতাবরণকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে এই তহবিল তৈরি করা হচ্ছে। তিনদিনের কনক্লেভ শেষ হবে আগামী ৫ নভেম্বর। ESTIC 2025 এ প্রায় তিন হাজার বিজ্ঞানী,অধ্যাপক এবং শিল্পজগতের লোকজন অংশগ্রহণ করবেন। বিভিন্ন বিষয়ে আলোচনা,সেমিনারের পাশাপাশি প্রযুক্তি প্রদর্শনীরও ব্যবস্থা করা

হয়েছে। ESTIC 2025-এর মূল লক্ষ্য, শিল্পজগতের সঙ্গে গবেষণা ও উদ্ভাবনের নিবিড় সংযোগ গড়ে তোলা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

অন্ধ্রপ্রদেশের শ্রীকাকুলাম জেলার কাশিবুগ্গায় গতকাল শ্রী ভেঙ্কটেশ্বর স্বামী মন্দিরে পদপিষ্ট হয়ে ৯ জনের মৃত্যুর প্রেক্ষিতে কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন মন্ত্রী কে. রামমোহন নাইডু এবং অন্ধ্রপ্রদেশের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রী নারা লোকেশ গত রাতে ওই এলাকা পরিদর্শন করেন। ঘটনাস্থল পরিদর্শন করে, পলাসা কমিউনিটি স্বাস্থ্য কেন্দ্রে আহতদের সঙ্গেও দেখা করেন তাঁরা।
শ্রী লোকেশ অন্ধ্রপ্রদেশ সরকারের তরফে মৃত ব্যক্তিদের পরিবার প্রতি ১৫ লক্ষ টাকা এবং আহতদের জন্য ৩ লক্ষ টাকা আর্থিক সাহায্যের ঘোষণা করেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শোক প্রকাশ করেন এবং নিহতদের পরিবারের জন্য ২ লক্ষ টাকা করে এবং আহতদের প্রত্যেকের জন্য ৫০,০০০ টাকা আর্থিক সাহায্যের ঘোষণা করেন। অন্ধ্রপ্রদেশ সরকার এই দুর্ঘটনার বিস্তারিত তদন্তের নির্দেশ দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কানাডা সরকার, টরেন্টোয় ভারতীয় দূতাবাসের বাইরে কয়েকজন ভারত বিরোধীর উগ্র-বিক্ষোভ প্রদর্শনের ঘটনার কড়া নিন্দা করেছে। ওই বিক্ষোভ চলার সময় দুটি ছবি তুলে ধরা হয়েছিল, তাতে দুই ব্যক্তিকে প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী ও কানাডার বিদেশমন্ত্রী অনিতা আনন্দের ছবিতে গুলি করতে দেখা গিয়েছে। কানাডার সরকারি সূত্রে বলা হয়েছে, এই ঘটনা গণতন্ত্রের পক্ষে আশঙ্কাজনক। বিক্ষোভের আয়োজক ছিল খালিস্তানপন্থী শিখ উগ্রপন্থী সংগঠন। বিক্ষোভের সময় খালিস্তানি পতাকাও দেখা গিয়েছে।ওই উগ্রপন্থী সংগঠনের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে, শ্রীমতী আনন্দ ভারতের পক্ষ নিয়েছেন। কানাডার ভারত-প্রশান্ত মহাসাগরীয় আঞ্চলিক প্রকল্পকে শক্তিশালী করার স্বার্থে, ভারতের সঙ্গে

দ্বিপাক্ষিক সম্পর্ক মজবুত করার লক্ষ্যে তিনি সম্প্রতি ভারত সফর করেছিলেন।এই নিয়ে খালিস্তানিদের প্রবল আপত্তি ওই বিক্ষোভে তুলে ধরা হয়েছে। সে দেশের অভ্যন্তরীণ উন্নয়নমন্ত্রী রণদীপ এস সরাই বলেছেন, এই ধরনের গণতন্ত্রবিরোধী কার্যক্রমের কানাডায় কোনও স্থান নেই।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আফগানিস্তান ও পাকিস্তানের মধ্যে তোরখাম সীমান্ত গতকাল ফের খুলে দেওয়া হয়েছে। দু দেশের মধ্যে সাম্প্রতিক সংঘর্ষের পরিপ্রেক্ষিতে ওই সীমান্ত প্রায় দু সপ্তাহ বন্ধ ছিল। গত ১৯শে অক্টোবর দোহায় দু দেশের মধ্যে অস্ত্র সংবরণ নিয়ে সমঝোতার পরিপ্রেক্ষিতে সীমান্ত ফের খুলে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল।

সীমান্ত খুলে দেওয়ায় তোরখাম ও চামন সীমান্ত দিয়ে ইতিমধ্যে ১০ হাজার সাতশো আফগান উদ্বাস্তু আফগানিস্তানে ফিরে যান। দু দেশের মধ্যে বোঝাপড়ার ভিত্তিতে এ পর্যন্ত মোট ১০ লক্ষ ৬০ হাজার আফগান উদ্বাস্তু দেশে ফিরেছেন বলে মনে করা হচ্ছে।তবে দু দেশের মধ্যে বাণিজ্য সম্পর্ক এখনও স্বাভাবিক হয়নি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

গ্যারিদের বিখ্যাত দুস্তর সংগ্রহশালার মূল্যবান অজরত মুরির ঘটনামে আর দু জনকে চেস্বার করা হয়েছে। ভাদের মধ্যে একজন মাইলা। এই নিয়ে দুঃসাহসিক চুরির ঘটনায় মোট চারজনকে গ্রেহার করা হল মৃত ৩৭ বছর বয়সী পুরুষ ও ৩৬ বছর বয়সী মহিলার বিরুদ্ধে ভূমি মাগাঠিত করা ও চন্দনন্তর অভিযোগ আনা হয়েছে। যদিও তারা এই অভিযোগ অস্বীকার করেছে। এর আগে ৩৪ বছর বয়সী এক আলজেরীয় ও ৩৯ বছর বয়সী এক ফরাসি নাগরিককেও এই ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে প্রেস্কার করা হয়েছিল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ব্রিটেনে কেমব্রিজ শায়ারে গতরাতে একটি ট্রেনে অজ্ঞাত পরিচয় ব্যাক্তির হামলায় অন্তত ১০ জন ছুরিকাহত হয়েছেন। ৯ জনের অবস্থা আশঙ্কাজনক। ট্রেনটি ডনকাস্টার থেকে লন্ডনের কিংস ক্রস স্টেশন যাচ্ছিল। হামলার খবর পাওয়ার সঙ্গে সঙ্গে সশস্ত্র পুলিশ এবং চিকিৎসা কর্মীরা স্টেশনে পৌঁছে যান। দুজনকে গ্রেপ্তার করা হয়েছে। সন্ত্রাসবাদ দমন বাহিনী তদন্তের কাজ শুরু করেছে। ব্রিটিশ প্রধানমন্ত্রী কির স্টারমার এই ঘটনাকে অত্যন্ত উদ্বেগজনক বলে উল্লেখ করে মানুষকে সচেতন থাকার অনুরোধ জানিয়েছেন।

oooooooooooooooooooooooo

৬৭ তম আকাশবাণী সঙ্গীত সম্মেলন আজ দিল্লি, কলকাতা এবং মুম্বাইতে শুরু হচ্ছে। এক মাস ব্যপি এই অনুষ্ঠানে দেশ এর ২৪টি শহর জুড়ে শাস্ত্রীয় সঙ্গীত আসরের আয়োজন করা হবে। কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রকের সঙ্গে যৌথ উদ্যোগে প্রসার ভারতী সঙ্গীত সম্মেলনের আয়োজন করছে।

তথ্য ও সম্প্রচার মন্ত্রক জানিয়েছে, ১৯৫৪ সালে শুরু হওয়ার পর থেকে আকাশবাণী সঙ্গীত সম্মেলন ভারতের অন্যতম প্রাচীন ও সম্মানিত সাংস্কৃতিক ঐতিহ্য হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে। এই সম্মেলনের উদ্দেশ্য ছিল  হিন্দুস্তানি, কর্ণাটকি, লঘু ও লোকসঙ্গীতের শ্রেষ্ঠ ধারাগুলি শ্রোতাদের কাছে পৌঁছে দেওয়া। বিগত কয়েক দশক ধরে এই সম্মেলন ভারতের সমৃদ্ধ সঙ্গীত ঐতিহ্যকে সংরক্ষণ, প্রসার এবং জনপ্রিয় করে তোলার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে।

প্রসার ভারতীর মুখ্য কার্য্যনির্বাহী আধিকারিক সিইও গৌরব দ্বিবেদী জানিয়েছেন, কোভিড-অতিমারির কারণে সাময়িক বিরতির পর, আকাশবাণী সঙ্গীত সম্মেলন আবারও নবউদ্যমে ফিরে আসছে । ২০২৫ এর সংস্করণে প্রতিটি স্থানে দুটি করে সঙ্গীতানুষ্ঠান অনুষ্ঠিত হবে—একটি ভারতীয় শাস্ত্রীয় সঙ্গীতের জন্য এবং অপরটি লঘু ও লোকসঙ্গীতের জন্য।

পানাজি ও শিলং-এ শুধুমাত্র পশ্চিমী শাস্ত্রীয় সঙ্গীত পরিবেশন করা হবে, যা ভারতের আঞ্চলিক সঙ্গীত বৈচিত্র্যকে প্রতিফলিত করে।

oooooooooooooooooooooooo

ভারত আজ মহিলাদের একদিনের ক্রিকেট বিশ্বকাপের ফাইনালে দক্ষিণ আফ্রিকার মুখোমুখি হবে। নভি মুম্বাইয়ের ডক্টর ডি ওয়াই পাটিল স্পোর্টস অ্যাকাডেমিতে খেলা শুরু হবে দুপুর তিনটেয়। ভারত এই নিয়ে তৃতীয়বার বিশ্বকাপের ফাইনাল খেলছে।

oooooooooooooooooooooooo

ভারত আজ তৃতীয় টি-টোয়েন্টি ক্রিকেট ম্যাচে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে খেলতে নামছে। বেলরিভের নিনজা স্টেডিয়ামে টসে জিতে ভারত ফিল্ডিং করার সিদ্ধান্ত নিয়েছে। তৃতীয় ম্যাচে ভারতীয় দলে তিনটি পরিবর্তন হয়েছে। দলে এসেছেন অর্শদীপ সিং , ওয়াশিংটন সুন্দর এবং জিতেশ শর্মা।

oooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooooo